

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ১৩/২০১৭

তারিখঃ ০৫/০২/২০১৭খ্রিঃ

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, কাস্টম হাউস, চট্টগ্রাম এর অফিস আদেশ নং- ২১৭, তারিখ: ০১/০২/২০১৭ সকল সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

স্বাক্ষরিত/-
(মোহাম্মদ মুছা)
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস, চট্টগ্রাম

অফিস আদেশ নং- ২১৭

তারিখ: ০১/০২/২০১৭

অফিস আদেশ

বিষয় : Asycudda World System এর User ID এবং Password এর গোপনীয়তা রক্ষা।

উপর্যুক্ত বিষয়ের প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। এ দপ্তরের আমদানি ও রপ্তানি শুল্কায়ন Asycudda World System এর মাধ্যমে সম্পন্ন হয়ে থাকে। শুল্ক কর্মকর্তাসহ সকল ব্যবহারকারী (User) তাঁর জন্য বরাদ্দকৃত User ID এবং Password ব্যবহার করে এই সিস্টেমে প্রবেশ করেন। এজন্য প্রত্যেকের User ID এবং Password এর গোপনীয়তা ও যথাযথ নিরাপত্তা বিধান করা বিশেষ প্রয়োজন। বিশেষ করে সাম্প্রতিক কালে বেশ কিছু হ্যাকিং এর ঘটনা সংঘটিত হওয়ায় এই বিষয়ে সংশ্লিষ্ট সকলের বিশেষ সতর্কতা অবলম্বন করা প্রয়োজন।

২। উক্ত বিষয়ে নিম্নরূপ নির্দেশনা জারী করা হলোঃ

- সকল সিএন্ডএফ এজেন্টকে নিজস্ব কম্পিউটারের মাধ্যমে বিল অব এন্ট্রি/এক্সপোর্ট নোটিং করতে হবে;
- সাইবার ক্যাফে বা অন্য ব্যক্তি/প্রতিষ্ঠানের কম্পিউটার ব্যবহার করে এরূপ নোটিং নিরুৎসাহিত করা হলো। তবে কোন কারণে বা বিশেষ অবস্থায় নোটিং করা হলেও নিজস্ব User ID এবং Password যেন অন্য কেউ জানতে না পারে তার জন্য সর্বোচ্চ সতর্কতা ও গোপনীয়তা অনুসরণ করতে হবে;
- প্রতি মাসে অন্ততপক্ষে একবার Password পরিবর্তন করতে হবে;
- Password এর দৈর্ঘ্য যত বড় হয়, হ্যাকিং এর আশঙ্কা তত হ্রাস পায়। এজন্য কমপক্ষে ১২-১৪ ডিজিটের Password ব্যবহার করা আবশ্যিক;
- Password কে Unpredictable করার জন্য তাতে Character (Upper & Lower) সংখ্যায়, বিশেষ চিহ্ন প্রভৃতির সমন্বয় থাকা প্রয়োজন;
- অন্য ব্যক্তি ধারণা করতে পারে এরূপ বিষয় (যেমনঃ ১২৩৪৫৬, নিজের নাম, মোবাইল নম্বর, জন্ম তারিখ ইত্যাদি) Password হিসাবে নির্ধারণ করা যাবে না; email ID এর Passwordও ব্যবহার করা যাবে না;
- অধিকতর নিরাপত্তার স্বার্থে প্রত্যেক কম্পিউটারেও পৃথক Password সেট করা যায়;
- কম্পিউটার ছেড়ে অন্য কোথাও গেলে অবশ্যই System থেকে Logout করতে হবে;

৩। উপর্যুক্ত নির্দেশনার ব্যত্যয় ঘটলে এবং কোন এজেন্ট/ব্যক্তি/কর্মকর্তার User ID এবং Password ব্যবহার করে কোন জাল/জালিয়াতি বা শুল্ক কর ফাঁকির ঘটনা ঘটলে এর দায়ভার উক্ত এজেন্ট/ব্যক্তি/কর্মকর্তার উপর বর্তাবে।

৪। এ আদেশ কঠোরভাবে প্রতিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

স্বাঃ/-
(মোহাম্মদ রেজাউল হক)
জয়েন্ট কমিশনার অব কাস্টমস্
কমিশনার অব কাস্টমসের পক্ষে
কাস্টম হাউস, চট্টগ্রাম।

নথি নং-৬৫৩/এআইআর/১৫-১৬/১৬৯৮(১১) কাস

তারিখঃ ০১/০২/২০১৭খ্রিঃ